

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ফকিরহাট, বাগেরহাট।

স্মারক নম্বরঃ ৪১.০১.০১৩৪.০০০.১৬.০৩৯.১৮

তারিখঃ ১৭/১০/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ সামাজিক নিরাপত্তা কর্মসূচীসমূহ যথাযথভাবে ব্যবহারের মাধ্যমে দারিদ্রতা দূরীকরণে সংশ্লিষ্ট প্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এস ডি জি এর ১ ও ২ নং সূচক অর্জনের জন্য নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে। তার মধ্যে অন্যতম উদ্যোগ হচ্ছে দরিদ্র জনগোষ্ঠীর জন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচী। এই কর্মসূচী বাস্তবায়নের অন্যতম উদ্দেশ্য হচ্ছে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গঠন এবং দরিদ্র জনগণের দারিদ্র্যতা দূরীকরণের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা। স্থানীয় সরকারের বিভিন্ন স্তরের মাধ্যমে এই কর্মসূচীর প্রকল্পসমূহ বাস্তবায়ন করা হয়ে থাকে। কিন্তু অনেক সময় বাস্তবায়নকারীদের নিকট সঠিক তথ্য, যথাযথ জ্ঞান এবং বাস্তবায়ন কৌশল সম্পর্কে ভালভাবে অবহিত না হওয়ার পাশাপাশি স্থানীয় অনেক ধরনের সমস্যার কারণে সরকারের এই মহতী উদ্দেশ্য সকল ক্ষেত্রে যথাযথভাবে পূরন করা সম্ভব হচ্ছে না। সরকারের এই মহৎ এবং বিশাল বিনিয়োগকে যথাযথভাবে বাস্তবায়ন করে ফকিরহাট উপজেলাকে বাংলাদেশের প্রথম এস ডি জি উপজেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা পরিষদ, ফকিরহাট, বাগেরহাট এর অর্থায়নে আগামী ২২/১০/২০১৯ খ্রিস্টাব্দ তারিখ, রোজ-মঙ্গলবার, উপজেলা অডিটোরিয়ামে দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। **উক্ত প্রশিক্ষণে ০৩ নং পিলজংগ ইউনিয়ন, ০৫ নং বাহিরদিয়া-মানসা ইউনিয়ন, ০৬ নং নলধা-মৌভোগ ইউনিয়ন এবং ০৭ নং মুলঘর ইউনিয়নের প্রতিনিধিদের আমন্ত্রন জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়েছে।**

প্রশিক্ষণার্থী হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়, নির্বাচিত সকল ইউপি সদস্যগণ, সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণ, ইউনিয়ন পরিষদের সচিব, ইউনিয়ন ভাড়া বাস্তবায়ন কমিটিতে থাকা উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট মহোদয়ের প্রতিনিধিদেরকে নির্বাচন করা হয়েছে।

এমতাবস্থায়, আগামী ২২/১০/২০১৯ তারিখ, রোজ-মঙ্গলবার, সকাল- ১০.০০ ঘটিকায় উপজেলা অডিটোরিয়ামে উপস্থিত হয়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করার জন্য আপনাকে সনির্বন্ধ অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, আপনার ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর শত ভাগ উপস্থিতি নিশ্চিত আপনার সর্বাঙ্গিক সহযোগীতা কামনা করছি।

(সবুর আলী)

উপজেলা সমাজসেবা অফিসার

ফকিরহাট, বাগেরহাট

ও

সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ কমিটি

চেয়ারম্যান,

.....
.....

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফকিরহাট, বাগেরহাট।

২। উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট, বাগেরহাট।

৩। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, ফকিরহাট, বাগেরহাট ও সভাপতি, উপজেলা সমাজকল্যাণ কমিটি।